



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ১৭ই মে, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দিনব্যাপী টিচিং লার্নিং এন্ড অ্যাসেসমেন্ট বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ ঘটিকায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম।

প্রধান অতিথির বক্তব্যে শাবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শিক্ষক হওয়ার জন্য কিছু বিশেষ দক্ষতা থাকা দরকার। এই জন্য শিক্ষকদের প্রশিক্ষণ অনেক গুরুত্বপূর্ণ। টিচিং লার্নিং কর্মশালার ফলে শিক্ষকদের গুণগত মান অনেক বৃদ্ধি পাবে। শাবিপ্রবিকে পরিকল্পিত ও আধুনিক বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ার ব্যাপারে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, “শিক্ষার্থীদের বিভিন্ন প্রয়োজনের কথা চিন্তা করে লাইব্রেরীর নিচে ছোট একটি বুক শপ করা হবে”।

অপরদিকে, শাবির বাংলা বিভাগে উন্নয়নমূলক পরিকল্পনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ ঘটিকায় বাংলা বিভাগে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির প্রধান প্রফেসর ড. শরদিন্দু ভট্টাচার্য এবং সঞ্চালনায় ছিলেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. আশরাফুল করিম। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন শাবির আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস এবং রিসোর্স পারসন হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম। কর্মশালায় বাংলা বিভাগের সকল শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় উপাচার্য বলেন, সকল সমস্যা পর্যায়ক্রমে সমাধান করে বাংলা বিভাগকে পরিপূর্ণ বিভাগ করা হবে। আগামী ৪-৫ বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামোর অনেক উন্নয়ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস সুন্দর ভাবে সেলফ অ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য বাংলা বিভাগের সকল শিক্ষকদের ধন্যবাদ জানান। উন্নয়ন প্রতিবেদনে বিভাগের প্রত্যেক বিষয়ের উন্নয়নের জন্য বাজেট দিতে বলেন। তিনি বিভাগীয় সহকর্মীদের মধ্যে সুসম্পর্ক বজায় রেখে বিভাগের একাডেমিক কাজসমূহ যথাসময়ে সম্পাদন করার জন্য আহবান জানান।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি, শাবিপ্রবি, সিলেট-৩১১৪।